রাষ্ট্রপতির নিকট থেকে দেশ সেরার পুরস্কার গ্রহন করলো হরিণাকুন্ডুর আইভি

জাতীয় শিশু পুরষ্কার ২০২০ ও ২০২১ সালের প্রতিযোগিতায় উচ্চাঙ্গসংগীত নজরুল গীতিতে ‘খ’ বিভাগে দেশ সেরা হওয়ায় হরিণাকুণ্ডুর শামীমা আক্তার আইভি কে স্বর্ণপদক (পুরস্কার) প্রদান করেণ রাষ্ট্রপতি অ্যাড.মো. আব্দুল হামিদ।

রবিবার (২৯জানুয়ারি) বিকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এই পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি পৃথিবীকে শিশুর নিরাপদ আশ্রয়স্থল হিসেবে গড়ে তুলতে এবং জাতি, ধর্ম, বর্ণ, ধনী-গরিব নির্বিশেষে সকল শিশুর ভেতর লুকায়িত পূর্ণ সম্ভাবনার উন্মেষ ঘটাতে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

এসময় উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা। এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হয়েছে। শামীমা আক্তার আইভি ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলার পারফলসী গ্রামের সহকারী অধ্যাপক বাবুল আক্তার ও মেরিনা মেরি দম্পত্তির কন্যা এবং হরিণাকুণ্ডু সরকারী বালিকা বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী।

উল্লেখ, গত ২০ডিসেম্বর ও ২২ডিসেম্বর বাংলাদেশ শিশু একাডেমিতে অনুষ্ঠিত প্রতিযোগিতায় সে এই সাফলতা অর্জণ করে। এছাড়া এই খুদে শিল্পি ২০১৮ এবং ২০১৯ সালেও উচ্চাঙ্গ সংগীতের ‘ক’ বিভাগে জাতীয় পুরষ্কার (স্বর্ণপদক) অর্জণ করেছিল। এই সফলতা অর্জণে তার সংগীত শিক্ষা প্রতিষ্ঠান ঝিনাইদহের ভোর হলো সাংস্কৃতিক বিদ্যালয় ও ওস্তাদ অজয় কুমার দাস এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছে।

দর্শনা কেরুতে দেশের প্রথম হারভেষ্টার মেশিনে আখ কর্তন কাজের উদ্ধোধন

দর্শনা কেরুজ কৃষি খামারে আধুনিক পদ্ধতিতে হারভেষ্টার মেশিন দিয়ে আখ কর্তন কাজের শুভ উদ্ধোধন করা হয়েছে।

রোববার দুপুর ১২টার দিকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কেরুজ ফুরশেদপুর কৃষি খামারে হারভেষ্টার মেশিন দিয়ে আখ কর্তন কাজের শুভ উদ্ধোধন করেন বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প করপোরেশনের যুগ্ন সচিব এবং পরিচালক (অর্থ) খন্দকার আজিম আহমেদ এনডিসি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোশারফ হোসেন। এসময় তিনি বলেন, বর্তমান সরকার কৃষি বান্ধব। তাই কৃষিতে বিল্পব আনতে নানা কর্মসূচি বাস্তবায়ন করে চলেছেন। বিশেষ করে চিনি ও খাদ্যশিল্প করপোরেশেনের অভিভাবক শিল্পমন্ত্রাণালয়ের সচিব জাকিয়া সুলতানা বিশেষ উদ্যোগ গ্রহণ করে প্রদনা হিসাবে এ হার্ভেষ্টার মেশিন প্রদান করেছেন।

তিনি আরও বলেন, আখ কর্তানের হারভেষ্টার মেশিন দেশে এই প্রথম। এ মেশিনটি ইন্ডিয়া গুজরাটের টারর্বো এগ্রো টেকনোলজি লিমিটেড কোম্পনীর তৈরী। এ হার্ভের্ষ্টার মেশিনটির নাম শক্তিমান। এটা অনেকটা ট্রাক্টরের মত দেখতে। এ যন্ত্র দিয়ে একই সাথে আখ কর্তন, আর্বজনা পরিষ্কার এবং স্তুপ করা যায় স্বয়ংক্রিয়ভাবে। কম্বাইন্ড হার্ভেস্টার ব্যবহারের মাধ্যমে উৎপাদন খরচ কমবে। বাঁচবে সময়। শ্রমিক লাগবে কম।

চিনিকলগুলোতে অনেক আখ চাষ হয়ে থাকে। মোরসুম শুরু হলে শ্রমিকের অভাবে আখ কর্তন নিয়ে দেখা দেয় জটিলতা। খরচও পড়ে অধিক। আখ কর্তন যন্ত্রনার কারণে অনেকেই আজ আখ চাষে আগ্রহ হারিয়ে ফেলেছে। আশা করি হার্ভেষ্টার মেশিন পর্যাপ্ত হলে আগামীতে চিনিকলের কৃষি খামারের আখ কর্তনের পাশাপাশি কৃষকের আখ কর্তনে সহযোগিতা করা সম্ভব হবে। এতে সময় ও খরচ শাশ্রয় এবং আখের উপর নিচের অংশ অপচয় কম হবে। বৃদ্ধিপাবে ফলন চিনিকলের ব্যবস্থপনা পরিচালক বলেন, নিজেস্ব জমিতে আখ লাগানোর পাশাপাশি এলাকার অনেক কৃষক আখ রোপন করে থাকে। মোরসুম শুরু হলে আখ কর্তন নিয়ে দেখা দেয় নানা জটিলতা। এ

হার্ভেষ্টার মেশিনটি সদর দপ্তর কিংবা চিনিকলের টাকায় কেনা না।

শিল্পমন্ত্রনালয়ের সচিব মহাদয়ের একান্ত উদ্যোগে প্রনোদনা হিসাবে দেয়া হয়েছে। এর জন্য সচিব মহাদয়দের নিকট চিনিশিল্প কৃতজ্ঞ থাকবে। সেই সাথে এর সুফল পেলে আগামী মোরসুম শুরুর আগেই চিনিকলগুলো যেন এমেশিন পেতে পারে তার আবেদন করা হবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট।

এসময় আরও উপস্তিত ছিলেন, নর্থ বেঙ্গল সুগার মিলের ব্যবস্থাপনা পরিচালক আনিসুল আজম, চিনি ও খাদ্য শিল্প করপোরেশন উপ-বিভাগীয় ব্যবস্থপক (কৃষি) প্রকৌশলী মো.মাহমুদুল হাসান মিল্টন, সায়েদ সামস তাবরিজ প্রিন্সিপাল অফিসার এগ্রিকালচার ইঞ্জিনিয়ার ডিবিশন চিনি ও খাদ্য শিল্প করপোরেশন। ইন্ডিয়া গুজরাটের টারর্বো এগ্রো টেকনোলজি লিমিটেড শক্তিমান সার্ভিস ইঞ্জিনিয়ার রাজস কুমার সরকার, আলিম ইন্ডাসট্রিজের জেনারেল ম্যানেজার ও মার্কেটিং এবং সেলস এর প্রতিতিধি ইঞ্জিনিয়ার মোঃ হুমায়ুন কবীর, নর্থ বেঙ্গল সুগার মিলের ব্যবস্থাপক পরিবহন প্রকৌশল রিয়াজুল ইসলাম, কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, ব্যবস্থাপক (খামার) সুমন কুমার সাহা, ব্যবস্থাপক (পরিঃপ্রকৌঃ) আবু সাঈদ, ফুরশেদপুর খামার ইনচার্জ এমদাদুল হক ইমদাদ।

আলমডাঙ্গা হিন্দু সম্প্রদায়ের সরস্বতী পূজা উৎসব পালিত

আজ রবিবার সন্ধ্যায় আলমডাঙ্গা পৌর এলাকার বিভিন্ন মহল্লায় হিন্দু সম্প্রদায়ের উদ্যোগে আয়োজিত সরস্বতী পূজা উৎসবের মন্ডপ পরিদর্শন করেন পৌর মেয়র হাসান কাদির গণু।

কলেজপাড়া শাপলা সংঘের মন্ডপে ৪২ তম সরস্বতী পূজা উৎসব উপলক্ষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিদ্যার দেবী সরস্বতীর কাছে বিদ্যা অর্জনের উদ্দেশ্য প্রার্থনার জন্য সনাতন ধর্মের শিক্ষার্থী ও হাজার হাজার ভক্ত অনুরাগীরা প্রতিবছরের এই পূজা উৎসব পালন করে থাকে।

মন্ডপ পরিদর্শনকালে ও প্রধান অতিথির বক্তব্যকালে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও পৌরসভার মেয়র জনাব হাসান কাদির গণু বলেন সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ বাংলাদেশ, এখানে সকল ধর্মের মানুষকে সহ অবস্থান করে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করতে ভেদাভেদ ভুলে সবাইকে একযোগে কাজ করতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন, ৩নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ জহুরুল ইসলাম স্বপন, পূজা উদযাপন পরিষদের আলমডাঙ্গা উপজেলা সভাপতি ডাঃ অমল কুমার বিশ্বাস, বীর মুক্তিযোদ্ধা বাবু মনিন্দ্র নাথ দত্ত, অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের চুয়াডাঙ্গা জেলা সহ-সভাপতি শ্রী প্রশান্ত কুমার অধিকারী, সহ-সভাপতি বাবু সমীর কুমার দে, জেলা পূজা উদযাপন কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক সুশান্ত কুমার বুদ্ধু, হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের পৌর শাখার ও ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি পরিমল কুমার কালু ঘোষ,দাহ কমিটির সেক্রেটারি মদন, মিন্টু অধিকারী, কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজা, আলমডাঙ্গা উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক বিশ্বজিৎ সাধুখা,হিন্দু কল্যাণ পরিষদের অসীম সাহা,পৌর শাখার হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সহ-সভাপতি মিলন দাস, পৌর শাখার হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক পলাশ আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন তন্ময় সাহা।

পরানপুর সরাকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরন

দর্শনা পৌর বিএনপি সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেটের পরিবারের পক্ষ থেকে দর্শনা পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র/ছাত্রীদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করেছে।

রবিবার সকাল সাড়ে ১১টার দিকে এসব ছাত্র/ছাত্রীদের মাঝে শীতবস্ত্র

কম্বল বিতরণ করেন হাবিবুর রহমান বুলেট,তার স্ত্রী আশরাফি খাতুন ও ছেলে মাহির আজমল। এছাড়া তার পরিবারের পক্ষ থেকে পারণপুর গ্রামের বেশকিছু দরিদ্র পরিবারের মাঝেও কম্বল বিতরণ করেন।

পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামরুল হাসান হিরো, সহকারী শিক্ষক জাহাঙ্গীর আলী, আয়শা সিদ্দিকা, মাহাফুজা খাতুন, শিল্পী খাতুন। এছাড়া গ্রামের পাপ্পু, রিফাত রহমান, রাতুল ও আকাশ। হাবিবুর রহমান বুলেট বক্তব্য রাখতে গিয়ে বলেন, প্রচন্ড শীতের এ আবহাওয়ার সময় দরিদ্র ও অসহায় মানুষের পাশে আমার মত সমাজের বৃত্তবানদের এগিয়ে আসার জন্য আহবান জানান।

দর্শনার ৫ টি স্বর্ণেরবারসহ চোরাকারবারি হৃদয় আটক

দর্শনা সীমান্তের রামনগর গ্রামে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা (ডিবি) ও দর্শনা থানা পুলিশ যৌথ অভিযান চালিয়েছে। এ অভিযানে ২৫ ভরি ২ আনা স্বর্ন উদ্ধার সহ হৃদয় নামের এক চোরাকারবারীকে আটক করেছে পুলিশ।

আটক চোরাকারবারী হৃদয় হাসান দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের নওশাদ হোসেনের ছেলে।

পুলিশ জানায়, রোববার দুপুর ১২ টার দিকে গোপন সংবাদ পেয়ে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ ও দর্শনা থানা পুলিশের সদস্যরা চোরাচালান বিরোধী অভিযান চালান দর্শনা পুরাতন বাজার-মুজিবনগর সড়কের দর্শনার মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের সামনে।

এসময় দর্শনা থেকে সীমান্তের দিকে যাওয়া একটি মোটরসাইকেলের গতিরোধ করে অভিযানিক পুলিশ সদস্যরা। পুলিশ দেখে মোটরসাইকেল চালক তার পকেটে থাকা কাগজে মোড়ানো স্বর্ণের বারগুলো পাশের নর্দমার গর্তের মধ্যে ফেলে দেয়। পরে তাকে আটক করে ওই নর্দমার গর্তের মধ্য থেকে ফেলে দেওয়া কাগজে মোড়ানো অবস্থায় একটি

প্যাকেট উদ্ধার করা হয়।

উদ্ধার হওয়া কাগজে মোড়ানো প্যাকেটের ভেতর থেকে ৫টি স্বর্ণের টুকরো বের করা হয়। যার ওজন ২৫ ভরি ২ রতি।

অভিযান শেষে চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার আনিসুজ্জামান সাংবাদিকদের জানান, গোপন সংবাদ পেয়ে এ অভিযান চালানো হয়। চোরাকারবারিকে আটকের পর জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এ ঘটনায় মামলা দায়েরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর জানান, আমরা জানতে পারি যে দর্শনা সীমান্ত থেকে স্বর্ন পাচার হচ্ছে। এ মর্মে আমরা গোপন সংবাদের ভিত্তিতে ৫ টুকরো স্বর্নসহ হৃদয় হোসেনকে আটক করি।

হুমকির মুখে তিতুদহের গবরগাড়া ও গড়াইটুপির সাড়াবাড়িয়া গ্রাম্য সড়ক

ভয়ংকর হুমকির মুখে চুয়াডাঙ্গার তিতুদহের গবরগাড়া ও গড়াইটুপির সাড়াবাড়িয়া গ্রাম্য সড়ক। তিতুদহের মাটি খাদক এস্কেভেটর ব্যবসায়ী রফিকুলের দৌরাত্ব বৃদ্ধির খেসারত দিতে হতে পারে গবরগাড়ার সিলিন্দিপাড়ার বাসিন্দা সহ গবরগাড়া-সাড়াবাড়ি গ্রাম্য সড়ক দিয়ে চলাচলকারী যানবাহন সহ পথচারীদেরকে। আইনকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে মাটি খাদক রফিকুল নিজের স্কেভেটর দিয়ে সড়কের কোল ঘেঁষা পুকুর থেকে তোলা হচ্ছে মাটি। আর সেই মাটি কেটে বিক্রি করা হচ্ছে বিভিন্ন স্থানে।

ফলে বিক্রিকৃত মাটি ট্রাক্টর যোগে সড়ক দিয়ে নিয়ে যাওয়া হচ্ছে বিভিন্ন স্থানে। যে কারণে ভয়ংকর হুমকির মুখে গবরগাড়া-সাড়াবাড়ি গ্রাম্য সড়কটি সহ আশপাশের বসবাসরত বসত ঘরবাড়ি।

স্থানীয় ভুমি অফিসের লোকজন নীরব দর্শকের ভুমিকা দেখে হতভম্ব

স্থানীয় সচেতন মহল।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের গবরগাড়া পাড়ার কদম আলী মালিতার ছেলে রফিকুল ইসলাম। সে একজন মাটি খাদক নামে পরিচিত। নিজ ও ভাড়ায় চালিত একাধিক এস্কেভেটর দ্বারা বিভিন্নস্থানে মাটিকাটার কাজ করে থাকেন। তার এ কাটামাটি বিভিন্নস্থানে বিক্রি করা হয়ে থাকে। এ মাটিকাটা ও বিক্রির ব্যাবসার কারণে রফিকুল মাটি খাদক নামে এলাকায় বেশ পরিচিত।

সে আইনকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে স্কেভেটর দিয়ে তিতুদহ-গহেরপুরের সড়কের সিলিন্দিপাড়ার মৃত তাহাজ উদ্দিনের ছেলে মান্নান মোল্লা, রাজ্জাক, জব্বর, ছাত্তারের শরীকি জমির উপর পুকুর খনন করা হচ্ছে। যা তিতুদহ-গহেরপুর গ্রাম্য পাকা সড়কের কোলঘেঁষা হওয়ায় পুকুর খননের কারণে ভয়ংকর হুমকির মুখে পড়েছে গবরগাড়া-সাড়াবাড়ি গ্রাম্য সড়ক সহ আশপাশের বসবাসরত বসত ঘরবাড়ি।

সেই মাটি সড়ক দিয়ে ট্রাক্টর যোগে নিয়ে যাওয়া হচ্ছে বিভিন্ন স্থানে। যে কারণে ভয়ংকর হুমকির মুখে পড়েছে সিলিন্দিপাড়ার সড়কের পার্শ্বের বসতঘর সহ সড়কটি। যার ফলে সড়ক দিয়ে চলাচলকারী যানবাহন সহ পথচারীদেরকে বড় ধরণের দূর্ঘটনার শিকার হয়ে প্রাণহানীর মত ঘটনা ঘটার সম্ভাবনা দেখা দিয়েছে।

স্থানীয় ভুমি অফিসের লোকজন নীরব দর্শকের ভুমিকা দেখে হতভম্ব স্থানীয় সচেতন মহল। এ দূর্ঘটনা প্রতিরোধে মাটি খাদক রফিকুলের দৌরাত্ব ঠেকাতে সংশ্লিষ্ট বিভাগের সু-দৃষ্টি কামনা করেছে এলাকার ভুক্তভোগীরা সহ সচেতন মহল।

এবিষয়ে তিতুদহ ইউনিয়ন ভুমি অফিসের সহকারী কর্মকর্তা রফিকুল ইসলাম বলেন, অনেক স্থানে মাটিকাটা হচ্ছে। তবে কালকে দেখছি বললেও এখনো পর্যন্ত কোন পদক্ষেপ গ্রহণ করেননি।

আলমডাঙ্গায় তারাদেবী ফাউন্ডেশনের উদ্যোগে স্বাস্থসেবা ও এম্বুলেন্স হস্থান্তর

আলমডাঙ্গায় তারাদেবী ফাউন্ডেশনের উদ্যোগে স্বাস্থসেবা ও এম্বুলেন্স হস্থান্তর অনুষ্টান অনুষ্টিত হয়েছে।

রবিবার বেলা সাড়ে ১১টার দিকে আলমডাঙ্গা সাবেক টকিজ সিনেমা হলে এ্যাম্বুলেন্স হস্তান্তর অনুষ্টানে সভাপতিত্ব করেন,আলমডাঙ্গা তারাদেবী ফাউন্ডেশনের সভাপতি ও আলইকরা ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ এনামুল হক।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডায়মন্ড ওয়াল্ডের ব্যাবস্থাপনা পরিচালক, তারা দেবী ফাউন্ডেশনের প্রতিষ্টাতা চেয়ারম্যান, কেন্দ্রীয় আওয়ামীলীগের শিল্প ও বানিজ্য উপ কমিটির সদস্য দিলীপ কুমার আগর আলা।

প্রধান অতিথি বলেন,জনগনের স্বাস্থ সেবায় আমরা সব সময় আপনাদের পাশে আছি,ছিলাম,থাকব। বর্তমান সরকার স্বাস্থ সেবা জনগনের দোর গোড়ায় পৌছে দিয়েছে,দেশে বিনা চিকিৎসায় মৃত্যুর কথা শোনা যায় না।মাননীয় প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনা জনগনের স্বাস্থ সেবার কথা ভেবে প্রত্যেক জেলা শহরের হাসপাতাল গুলো ৫০ শর্য্যা থেকে ১শত শয্যায় উন্নিত করেছে।প্রধান মন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ আজ নিন্ম আয়ের দেশ থেকে উন্নয়শীল দেশে পরিনত হয়েছে।আগামী ২০৪১ সালের মধ্যে দেশ উন্নত রাষ্ট হবে,এবং স্মার্ট বাংলাদেশের প্রতিষ্টাতা হবেন।তিনি নির্বাচন নিয়ে বলেন,আগামী ২৪ সালে জাতীয় সংসদ নির্বাচন হবে,আমি আওয়ামীলীগের সাথে আছি,নেন্ত্রী যদি আমাকে নৌকা প্রতিক দিয়ে নিমিনেশন দেন তবে অবশ্যই আপনাদের পাশে থেকে নির্বাচন করব,নির্বাচিত হলে চুয়াডাঙ্গা জেলার সকল মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করে যাব।আর আমাকে বাদ দিয়ে নেন্ত্রী যাকে মনোনয়ন দেবেন আমি তার কর্মি হিসেবে আপনাদের কাধে কাধ মিলিয়ে নৌকার পক্ষে কাজ করব।দলে প্রতিযোগীতা থাকবে,প্রতিহিংসা নয়।নেত্রীর প্রতি সকলের আস্থা থাকতে হবে।আমরা দেখি নেত্রী নৌকা দিলেও আমারা

অনেকেই বৈরিতা দেখায়,এতে নেত্রী কষ্ট পান।জনগনের জন্য রাজনীতি করি আমার জন্য নয়।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু,মোমিনপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক,আলমডাঙ্গা তারা দেবী ফাউন্ডেশনের সহ-সভাপতি সাংবাদিক আতিয়ার রহমান মুকুল।

উপজেলা স্বেচ্ছা সেবক লীগের সভাপতি শরিফুল ইসলাম রিফাতের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন,বিজেশ রমেকা লালী বাবু,পৌর স্বেচ্ছা সেবক লীগের সভাপতি মিলন আহম্মেদ,উপজেলা স্বেচ্ছা সেবক লীগের সাধারন সম্পাদক টুকুল, সাংগাঠনিক সম্পাদক নাজমুল হক,রাজু আহম্মেদ প্রমুখ।

চুয়াডাঙ্গায় চোরাই মোটরসাইকেল সহ গ্রেফতার -২

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ কর্তৃক বিশেষ অভিযানে ০১ (এক) টি চোরাই মোটরসাইকেল উদ্ধার সহ সংঘবদ্ধ চোর চক্রের ২ জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায়, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান এর তত্ত্বাবধানে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাবুব রহমানের নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ হাসানুজ্জামান সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে রবিবার চুয়াডাঙ্গা সদর থানার মামলা নং- ০১, তারিখ ০২.১২.২০২২ ইং এজাহার নামীয় পলাতক আসামী হাজরাটি তেতুলতলা পাড়ার মোঃ সাইদুর রহমানের ছেলে মোঃ সিরাজুল ইসলাম (৪০), এবং সন্দিগ্ধ আসামী জাফরপুর পাওয়ার হাউজপাড়ার মোঃ শামসুল হকের ছেলে মোঃ হিরন (২৮) গ্রেফতার করে পুলিশ।

এসময় তাদের কাছ থেকে একটি HANk চোরাই মোটরসাইকেল যার ইঞ্জিন নং-KC13EFKGC00853 এবং চ্যাসিস নং-PS1KCS236kJE00297 উদ্ধার

করেন।

দামুড়হুদায় অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি করার অপরাধে জরিমানা

দামুড়হুদায় অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি ও পরিবেশনের অপরাধে ভ্রাম্যমান আদালতে জরিমানা করা হয়েছে।

রবিবাার দুপুর ১টার দিকে উপজেলার দামুড়হুদা বাসট্যান্ডে মনির হোটেলে ২ হাজার টাকা, উপজেলা পরিষদ সংলগ্ন ভাই ভাই হোটেলে ১ হাজার ও সোনার মদিনা হোটেলে ১ হাজার টাকা, মোট ৩টি হোটেলে ৪ হাজার টাকা ভ্রাম্যমাণ আদালতে জরিমানা করা হয়।

ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস। এসময় তিনি বলেন জনস্বার্থে অভিযান অব্যাহত থাকবে। ভ্রাম্যমান আদালতের অভিযানে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় ইজিবাইক চালকসহ আহত-৬

গাংনীতে যাত্রি বোঝাই ইজিবাইক ও রড বোঝাই লাটা হাম্বারের মুখোমুখি ধাক্কায় অন্ততঃ ৬জন আহত হয়েছেন।

আহতদের মধ্যে দুজনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাদেরকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি

করা হয়। অন্যান্যদেরকে দেয়া হয়েছে প্রাথমিক চিকিৎসা। রোববার দুপুর আড়াইটার দিকে মেহেরপুর – কুষ্টিয়া সড়কের চোখতোলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, যাত্রি বোঝাই একটি ইজিবাইক গাংনী থেকে বামন্দী যাবার পথে রড বোঝাই একটি লাটাহাম্বারের সাথে মুখোমুখি ধাক্কা লাগে। এসময় ইজিবাইক উল্টে গিয়ে ছয় যাত্রি আহত হন। এদের মধ্যে ওয়াসিম (২৬) নামের এক যাত্রির পেটে রড ঢুকে মারাত্মক জখম হয়। একই সাথে মারাত্মক জখম হন ইজিবাইক চালক ইসাহক আলী(৬৫)।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। আহত ওয়াসিমের অবস্থা আশংকাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। ইসাহক আলীকে স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানান, আহত ওয়াসিম গাংনীর জোড়পুকুরিয়া গ্রামের মোশারফ হোসেনের ছেলে ও ইসাহক আলী বানিয়াপুকুর গ্রামের মৃত জহির উদ্দীনের ছেলে।